ভান্ডারিয়া যুব মহিলা লীগের সভাপতি আসমা সুলতানা যুথী গ্রেফতার

written by Chandradip News24 | December 5, 2024

পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরশহরের যুব মহিলা লীগের সভাপতি আসমা সুলতানা যুথীকে গ্রেফতার করেছে জেলা ডিবি পুলিশ ও সদর থানা পুলিশের একটি যৌথ দল। বুধবার (৪ ডিসেম্বর) ভান্ডারিয়া পৌর এলাকার তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। আসমা সুলতানা যুথী পিরোজপুরের মো. আজাদ জোমাদ্দারের মেয়ে।

পিরোজপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুস সোবাহান জানান, ককটেল বিস্ফোরণ ঘটিয়ে পিরোজপুর বিএনপি অফিস ভাঙচুরের ঘটনায় আসমা সুলতানা যুথীকে গ্রেফতার করা হয়েছে। তাকে জেল হাজতে পাঠানো হয়েছে।

এ বিষয়ে পিরোজপুর ডিবি পুলিশের ইন্সপেক্টর ইয়াসিন খান বলেন, “আসমা সুলতানা যুথী পিরোজপুর সদর থানার একটি মামলায় গ্রেফতার হয়েছেন।”

ভান্ডারিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) আহম্মেদ আনওয়ার জানান,

আসমা সুলতানা যুথীর বিরুদ্ধে ভান্ডারিয়া ও পিরোজপুর থানায় একাধিক মামলা রয়েছে।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম